

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১১৩

ا كِتَابُ الْجَنَائِز وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) ১٥. किञातूल जानारेय वतः जानायात পूर्वाপत সःश्लिष्ठ विषय পরিচ্ছেদঃ দুনিয়াতে কাফেরদের জন্য যে বিলাপ করা হয় সেজন্য কবরে মৃত ব্যক্তির আযাব হয় মর্মে বর্ণনা

ذكْرُ الْإِخْبَارِ بِتَعْذِيبِ اللَّهِ مَوْتَى الْكَفَرَةِ بِمَا نِيحَ عَلَيْهِمْ فِي الدُّنْيَا

আরবী

3113 _ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانِ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرِ عَنْ مَالِك عَنْ عَبْد اللَّهِ بْن أَبِي بَكْرٍ عَنْ أَبِيهِ عَنْ عَمْرَةَ بِنْت عَبْد الرَّحْمَن: أَنَّهَا سَمِعَتْ عَائِشَةَ ـ وذُكِرَ لَهَا أَنَّ عَبْدَ اللَّهِ يَقُولُ: إِنَّ الْمَيِّتَ لَيُعَذَّبُ بِبُكَاءِ الْحَيّ -. قَالَتْ عَائِشَةُ: يَغْفِرُ اللَّهُ لِأَبِي عَبْدِ الرَّحْمَنِ أَمَا أَنَّه لَمْ يَكْذِبْ وَلَكِنَّهُ نَسِيَ أَوْ أَخْطَأَ إِنَّمَا مَرَّ رَسُولُ اللَّه صلَّى اللَّهُ عَلَيْه وَسَلَّمَ عَلَى يَهُوديَّةِ يُبْكَى عَلَيْهَا فَقَالَ: (إنَّهُمْ يَبْكُونَ عَلَيْهَا وَإِنَّهَا لَتُعَذَّبُ فِي قَبْرِهَا) الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3113 | خلاصة حكم المحدث: صحيح: ق.

বাংলা

৩১১৩. আমরাহ বিনতু আব্দুর রহমান থেকে বর্ণিত, তিনি বলেন, "আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহার কাছে আলোচনা হলো যে, আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু বলেছেন, "নিশ্চয়ই মৃত ব্যক্তিকে জীবিত ব্যক্তিদের (উচ্চ আওয়াজে) কান্নার কারণে শাস্তি দেওয়া হয়।" তখন আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "আবু আব্দুর রহমানকে আল্লাহ ক্ষমা করুন। জেনে রাখুন, নিশ্চয়ই তিনি মিথ্যা বলেননি, তবে তিনি ভুলে গেছেন অথবা ভুল করেন। বস্তুত একবার রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক মৃত ইয়াহুদী নারীর পাশ দিয়ে অতিক্রম করেন, যার মৃত্যুতে কান্না করা হচ্ছিল। তখন তিনি বলেন, "তোমরা কান্না করছো, নিশ্চয়ই তাকে কবরে এজন্য শাস্তি দেওয়া হবে।"[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/২৩৪; মুসনাদ আহমাদ: ৬/১০৭; সহীহুল বুখারী: ১২৮৯; সহীহু মুসলিম: ৯৩২; তিরমিয়ী: ১০০৬; নাসাঈ: ৪/১৭; সুনান বাইহাকী: ৪/৭২; ইবনু মাজাহ: ১৫৯৫।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩১১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আমরাহ বিনতু আবদুর রহমান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন